

নিউ সাউথ ওয়েলস স্টেট এম পি নির্বাচনে প্রথম বাংলাদেশী
জনাব মাসুদ চৌধুরী মনোনয়ন প্রত্যাশী



বাংলাদেশ কমিউনিটির বহুল পরিচিত ও প্রিয় মুখ জনাব মাসুদ চৌধুরী অস্ট্রেলিয়ার লেবার পার্টির স্টেট এম.পি প্রি-সিলেকশনের ক্যাম্বেলটাউন নির্বাচনী এলাকা থেকে পদ প্রার্থী হয়েছেন। জনাব চৌধুরী গত ২০ বৎসর যাবত লেবার পার্টির সক্রিয় সদস্য। তিনি বিভিন্ন সময় বিভিন্ন শাখার গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন।

২০০৮ সালে জনাব চৌধুরী (msdchowdhury@yahoo.com) অস্ট্রেলিয়ান অব দ্যা ইয়ার পদকের জন্য মনোনয়ন পেয়েছিলেন। তিনি ২০০৯ সালে সিটিজেন অব দ্যা ইয়ার এবং ২০১০ সালে ভলেন্টিয়ার অব দ্যা ইয়ার নির্বাচিত হন। জনাব মাসুদ চৌধুরী অস্ট্রেলিয়াস্থ বাংলাদেশী বিভিন্ন সামাজিক সংগঠনের বিভিন্ন পদে দায়িত্ব পালন করেন। বর্তমানে তিনি দ্যা গ্রান্জ পাবলিক স্কুল কাউন্সিলের সভাপতি, ম্যাকুয়ারী ফিল্ডস মাল্টিকালচারাল এডভাইজারি কমিটির সক্রিয় সদস্য, ক্যাম্বেলটাউন বাংলা স্কুল কমিটির সহ সভাপতি ও মিন্টু কমিউনিটি ওয়াচ এর সক্রিয় সদস্য।

আগামী সেপ্টেম্বর মাসে ক্যাম্বেলটাউন এলাকার লেবার পার্টির প্রার্থী নির্বাচন করা হবে। সে পর্যন্ত জনাব মাসুদ চৌধুরী সকলের দোয়া ও সহযোগিতা প্রত্যাশা করেছেন। স্থানীয় ফেয়ার ফ্যাক্ট গ্রুপের পত্রিকা ম্যাকার্থার এডভাইজার জনপ্রিয়তা যাচাই অনলাইন নিউজপোল (<http://www.macarthuradvertiser.com.au/polls/>) অনুযায়ী জনাব চৌধুরী এ পর্যন্ত ৪৫% ভোট পেয়েছেন।